তারিখ 29 DEC 1990
পৃষ্ঠা 8 কলাম 6

দৈনিক বাংলা

# শিক্ষক সমিতি ফেডারেশন নিষিদ্ধ করার দাবী

বাংলাদেশ প্রাথমিক শিক্ষক সমিতি (আমেরী, সরকারী মাধ্যমিক শিক্ষক সমিতি (জলিল), শিক্ষক সমিতি (কামরুজ্জামান ও সরকারী কলেজ শিক্ষক সমিতির (মমতাজ) সমন্বয়ে গঠিত বাংলাদেশ শিক্ষক ফেডারেশনের এক সভা শুক্রবার সংগঠনের কেন্দ্রীয় কার্যালয়ে অনুষ্ঠিত হয় সভায় সভাপতিত্ব করেন ফেডারেশনের সহ-সভাপতি আমিরুল করিম।

সভায় স্বৈরাচারী এরশাদ কর্তৃক গঠিত তথাকথিত শিক্ষক সমিতি ফেডারেশন (বিএফটিএ) ও তার অঙ্গ সংগঠনকে নিষিদ্ধ করার দাবী জানানো হয়। সভায় ঐ সংগঠনের নেতা মওলানা মান্নান, একে এম শহীদুল্লাহ, একে এম আলী রেজা, জনাব আলীসহ এরশাদ সরকারের সহযোগীদের শাস্তি প্রদানের দাবী জানানো হয়। খবর বিজ্ঞপ্তির।

45